মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিটিএ এডিটু, মুখোশপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : www.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/পরী-উমা/পরি -২৮/২০০০(অংশ-৮)/২১৭০(৩০০) তারিখ: ০৪/১১/২০২৬ খ্রি:

২০২৬ সালের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম-এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৬ সালের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষার আবেদন ফরম পূরণের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।

১. পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ বোর্ডে প্রদেয় মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোনো শাখা থেকে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে প্রেরিত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

২. ২০২৬ সালের এইচএসসি সাপ্লিমেন্টারি পরীক্ষা শুরুর তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

৩. Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ও ফরম পূরণ শিক্ষার্থীদের তথ্যসম্বলিত সম্ভাব্য তালিকা চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.bise-ctg.gov.bd)-এ ০৫/১১/২০২৬ খ্রি. প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০৫/১১/২০২৬ খ্রি. থেকে ০৯/১১/২০২৬ খ্রি.- এর মধ্যে Online-এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার সর্বশেষ তারিখ ১০/১১/২০২৬। পরীক্ষার ফি ব্যাংকে জমা দেওয়ার ২৪ ঘন্টার মধ্যে Final Candidate List Print Active হবে। Final Candidate List Print করে যাচাইপূর্বক পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

৪. ২০২৬ সালের নিয়মিত এবং যেসকল শিক্ষার্থী ২০২৪ ও ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) ২০২৬ সালের পরীক্ষা দিয়ে সর্বোচ্চ ০২ (দুই) বিষয়ে অকৃতকার্য হয়েছে কেবল তারাই ২০২৬ সালের সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ জন্য ফরম পূরণ করতে পারবে।

৫. পরীক্ষার্থীর স্বাক্ষরসম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) সেট সংরক্ষণ করতে হবে।

৬. ইলেক্ট্রনিক ফরম ফিলাপ (eFF) এর কার্যক্রমের বিবরণ ও সময়সূচি নিম্নোক্ত ছকে দেওয়া হলো:

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
ক	চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন	০৫.১১.২০২৬ খ্রি.
খ	প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online-এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন ও সোনালী সেবারচ মাধ্যমে ফিসের অর্থ জমা দেওয়ার তারিখ: উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোনো শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। এরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা প্রতিষ্ঠানপ্রধানকে সংরক্ষণ করতে হবে।	০৫.১১.২০২৬ খ্রি. হতে ০৯.১১.২০২৬ খ্রি. পর্যন্ত
গ	সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ:	১০.১১.২০২৬ খ্রি.

৭. সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ ছড়ান্ত প্রিন্ট আউট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৮. পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত:
নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৬ সালের পূর্ণাঙ্গ পাঠ্যসূচি এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৯. পরীক্ষার ফি-এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলো (বোর্ডে প্রদেয়):

ক্রমিক	পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার ফি প্রতি পত্র
০১।	নিয়মিত পরীক্ষার্থী	১২৫/-
০২।	অনিয়মিত পরীক্ষার্থী	১২৫/-

04/11/26 04.11.26

CamScanner

১০. কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে):
(ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা।

(খ) তত্ত্বীয় বিষয়সমূহের আদায়কৃত কেন্দ্র ফি হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। বোর্ড অফিস হতে অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

১১. পরীক্ষার ফি এবং কাগজপত্র বোর্ডে জমা দেওয়ার নিয়মাবলি সংক্রান্ত:
(ক) পরীক্ষার যাবতীয় ফি বোর্ডের সচিবের অনুকূলে কেবল সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। কোনোক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।
(খ) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনোক্রমেই পরীক্ষার ফি ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।
(গ) যে সকল পরীক্ষার্থী পূণ:নিরীক্ষণ/পুনমূল্যায়নের আবেদন করবে তারাও এক বা দুই বিষয়ে অকৃতকার্য হলে একই সাথে ফরম পূরণ করতে পারবে।
১২. এক/দুই বিষয়ে পরীক্ষার্থীদের মধ্যে যারা ইংরেজি ভার্সনের প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের বিষয়ভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যা আগামী ০৭.১১.২০২৬ তারিখের মধ্যে অত্রবোর্ডের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোহাম্মদ আলী আকবর (গোপনীয়) ২০৪ নম্বর কক্ষে এর নিকট জমা দিতে হবে।

১৩. পরীক্ষার্থীদের পরীক্ষার নির্ধারিত কেন্দ্রের তালিকা যথাসময়ে জানিয়ে দেওয়া হবে।
১৪. সংশ্লিষ্ট কলেজ প্রধানগণ সকল অকৃতকার্য পরীক্ষার্থীদের যথাসময়ে ফরম পূরণের বিষয়টি জানানোর অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে
04/11/26
(প্রফেসর ড. মোঃ পারভেজ সাজ্জাদ চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪,
Email : ce @ bise-ctg.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৭। মাননীয় শিক্ষা উপদেষ্টার মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় শিক্ষা উপদেষ্টা মহোদয়ের বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) এর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১১। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
১৩। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১৪। সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
১৫। সংরক্ষণ কপি।

04.11.26
(প্রফেসর মোহাম্মদ দিদারুল আলম)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উমা)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

CamScanner